

পর্যটক সামলাতে বিদেশী কর্মী বাড়াচ্ছে সিঙ্গাপুর

- A Monitor Desk Report

Date: 06 September, 2023



ঢাকা : সিঙ্গাপুরে পর্যটকের সংখ্যা বাড়ছে। যার কারণে পরিষেবা খাতে উন্নয়নের জন্য নয়টি ক্ষেত্রে দেশটি বিদেশী কর্মী নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।

বাংলাদেশ, ভারত, মিয়ানমার, ফিলিপাইন, শ্রীলংকা ও থাইল্যান্ডের নাগরিকরা ৯টি পেশার একটিতে কাজ করার জন্য আবেদন করতে পারবে।

গত মাসে এ পেশার তালিকায় হোটেলের কর্মী ও দারোয়ান যুক্ত হয়েছে। তালিকায় ভারতীয় রেস্টোরার বাবুর্চি ও খাতব শ্রমিকও রয়েছে। এর আগে সিঙ্গাপুর শুধু মালয়েশিয়া, চীন, হংকং, ম্যাকাও, দক্ষিণ কোরিয়া ও তাইওয়ানের বাসিন্দাদের কাজের অনুমোদন দিয়েছিল।

সিঙ্গাপুর হোটেল অ্যাসোসিয়েশনের মার্গারেট হেং এ সম্প্রসারণকে স্বাগত জানিয়েছেন। বিদেশী কর্মীদের সম্পর্কিত সরকারি নীতিগুলো সিঙ্গাপুরের অর্থনীতিতে সরাসরি প্রভাব ফেলে। অর্ধদক্ষ কর্মীদের জন্য ওয়ার্ক পারমিট ছাড়াও সিঙ্গাপুর বিদেশী পেশাদারদের জন্য এমপ্লয়মেন্ট পাস প্রোগ্রাম এবং দক্ষ কর্মীদের জন্য এস পাস দেয়।

আরও পড়ুন: [পাহাড়ে ছুটছে পর্যটক](#)

দেশটি সেপ্টেম্বরে কর্মসংস্থান পাসের জন্য কমপ্লিমেন্টারি অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক চালু করেছে, যা আবেদনকারীদের তাদের বেতন, শিক্ষার ইতিহাস ও কৃত্রিম বুদ্ধিমত্তার মতো চাহিদার ক্ষেত্রের সঙ্গে সম্পর্কিত দক্ষতাসহ অন্যান্য যোগ্যতার ভিত্তিতে স্কোর করে।

